

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৪৬

১/ বিবিধ

আরবী

أعربوا القرآن، واتبعوا غرائب، وغرائبه فرائضه، وحدوده، فإن القرآن نزل على خمسة أوجه، حلال، وحرام، ومحكم، ومتشابه، وأمثال، فاعملوا بالحلال، واجتنبوا الحرام واتبعوا المحكم، وآمنوا بالمتشابه، واعتبروا بالأمثال
ضعيف جدا

رواه ابن جبرون المعدل في " الفوائد العوالي " (1/28/1) والثقفي في الثقفیات " (ج9 رقم 14 نسختي) عن معارك بن عباد: حدثني عبد الله بن سعيد بن أبي سعيد المقبري: حدثني أبي عن أبيه عن أبي هريرة مرفوعا ومن هذا الوجه رواه الحافظ ابن ناصر الدين الدمشقي في جزء له بخطه (ق 43/2) وسكت عليه، وهو ضعيف جدا كما تقدم في الذي قبله، لكنه الراوي عنه هنا معارك بضم الميم - ضعيف أيضا كما قال الدارقطني، وقال البخاري " منكر الحديث "

لكن قال الحافظ ابن ناصر

له شاهد عن عبد الله بن مسعود

ثم ذكره مرفوعا بلفظ: " كان الكتاب الأول ينزل.. " فذكره نحوه، لكن ليس فيه طرفه الأول إلى قوله: وحدوده، وهو من نصيب الكتاب الآخر (589) والحمد لله تعالى

১৩৪৬ তোমরা কুরআনকে সুস্পষ্ট করে বিশুদ্ধভাবে পাঠ কর ও তার গারাইবগুলো জানার জন্য সচেষ্টি হও। তার গারাইবগুলো হচ্ছে তার ফরয এবং তার সীমারেখাসমূহ। কারণ কুরআন নাযিল হয়েছে পাঁচভাগেঃ হালাল, হারাম, স্পষ্ট বিধান, অস্পষ্ট বিধান ও উপমা। অতএব তোমরা হালালের উপর আমল কর, হারাম থেকে বেঁচে থাকো, স্পষ্ট বিধানের অনুসরণ কর, অস্পষ্টতা থেকে নিরাপদে থাকো আর উপমাগুলোর দ্বারা শিক্ষা গ্রহণ কর।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি ইবনু জাবরুন আল-মু'আদিল "আল-ফাওয়াইদুল আওয়ালী" গ্রন্থে (১/২৮/১) ও আসসাকাকী "আসসাকফিইয়াত" গ্রন্থে (৯/১৪) মুয়ারিক ইবনু আব্বাদ হতে, তিনি আব্দুল্লাহ ইবনু সাঈদ ইবনে আবী সাঈদ মাকবুরী হতে, তিনি তার পিতা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

এ সূত্রেই হাফিয ইবনু নাসিরুদ্দীন দেমাস্কী (কাফ ২/৪৩) বর্ণনা করে চূপ থেকেছেন। আব্দুল্লাহ ইবনু সাঈদ খুবই দুর্বল যেমনটি পূর্বের হাদীসে আলোচনা করা হয়েছে। আর তার থেকে বর্ণনাকারী মুয়ারিকও দুর্বল যেমনটি দারাকুতনী বলেছেন।

ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদিস।

কিন্তু হাফিয ইবনু নাসির বলেনঃ আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) হতে তার একটি শাহেদ বর্ণিত হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72225>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন